

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর- ২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৪.৩২.০৬১.১৪/ ১৭৪৪


তারিখঃ ০৬/০৬/২০১৭খ্রিঃ।

বিষয়ঃ গত ০৮/০৫/২০১৭খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কোরবানীর পশু জবেহকরণের স্থান সুনির্দিষ্টকরণ ও জবেহকারীগণের তালিকা চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে গত ০৮/০৫/২০১৭খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কোরবানীর পশু জবেহকরণের স্থান সুনির্দিষ্টকরণ ও জবেহকারীর তালিকা চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

নং	সিদ্ধান্ত
১	পৌরসভা প্রয়োজনীয় সংখ্যক কোরবানীর পশু জবেহ এর স্থান, ইমাম এবং কসাইদের তালিকা করে কোরবানীর এক মাস পূর্ব হতে নিজ নিজ এলাকার জনগণকে ওয়েবসাইট/মাইক/লিফলেট/ব্যানার/ক্যাবল/ অপারেটর এর মাধ্যমে একাধিকবার জানানোর ব্যবস্থা গ্রহণ করবে। কোন কোরবানীদাতা তার পছন্দের ইমাম সাহেবকে নিয়ে আসলে তাঁকেও তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে।
২	কোরবানীর ১০ দিন আগে সংশ্লিষ্ট এলাকার কোথায় কখন কোরবানীর পশু জবেহ হবে তার বিবরণ সম্বলিত স্লিপ প্রতিটি বাড়িতে পৌঁছানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩	কোরবানীর অন্তত ২০ দিন আগে এলাকাভিত্তিক পশুর হাট এবং প্রতিটি ওয়ার্ডে পশু জবেহর নির্ধারিত স্থানের তালিকা ব্যানারে টাঙ্গিয়ে দিতে হবে।
৪	নির্ধারিত স্থানে পশু জবাইয়ের বিষয়ে বিজ্ঞাপন প্রচারের জন্য পৌরসভা স্থানীয় ক্যাবল অপারেটরদের সহায়তা গ্রহণ করবে।
৫	পৌরসভা পশু কোরবানীর নির্বাচিত স্থানে পানি সরবরাহ, সেবা প্রার্থীদের বসার স্থান, প্রয়োজনে তাবু টাঙ্গানোর ব্যবস্থা নিশ্চিত করবে।
৬	কোন এলাকায় যত্রতত্র/রাস্তাঘাটে যাতে কোরবানীর পশু জবাই না করা হয়-এ বিষয়টি সংশ্লিষ্ট সকলকে নিশ্চিত করতে হবে।

উক্ত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(এ.কে.এম আনিছুল্জ্জমান)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫৭২

মেয়র/প্রশাসক

.....পৌরসভা

জেলা.....।

অনুলিপিঃ

১। জেলা প্রশাসক, জেলা.....(সকল)।

২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।